

## সম্পাদকীয়:

করোনাভাইরাসের প্রভাবে লকডাউন যত দীর্ঘায়িত হচ্ছে, দৈনন্দিন আয়ের ওপর নির্ভরশীল শ্রমজীবী মানুষদের সংকটও ততই বাড়ছে। চাহিদার তুলনায় অপ্রতুল হলেও সরকারি সহায়তার পাশাপাশি বিভিন্ন ধরনের সংগঠন ও ব্যক্তি বা ব্যক্তি বিশেষের উদ্যোগেও চেষ্টা চলছে বিপন্ন মানুষের পাশে দাঁড়ানোর। সহযোগিতার হাত বাড়ানো মানুষগুলোর কাতারে সুজন-এর বন্ধুরাও রয়েছেন। তাঁরা করোনাভাইরাস প্রতিরোধেও ভূমিকা রাখছেন। এই ই-নিউজ লেটারে সুজন-এর বন্ধুদের ক্ষুদ্র ক্ষুদ্র উদ্যোগের কথা তুলে ধরা হলো।

## কক্সবাজারের চকরিয়ায় দুর্দশাগ্রস্ত মানুষের পাশে সুজন



করোনাভাইরাসের কারণে লকডাউনে থাকা নিম্ন আয়ের দুর্দশাগ্রস্ত মানুষের পাশে দাঁড়িয়েছে কক্সবাজার জেলার সুজন-চকরিয়া উপজেলা কমিটি। গত ২৮ এপ্রিল ২০২০, মঙ্গলবার, চকরিয়া উপজেলা কমিটির সহ-সম্পাদক জনাব মনির উদ্দিন খালেদের উদ্যোগে চকরিয়া পৌরসভার উত্তর কাহারিয়া ঘোনার মাষ্টারপাড়ার ২০০ পরিবারের মাঝে, প্রতিটি পরিবারের জন্য ৫ কেজি চাল, ১ কেজি মুসুর ডাল, ১ কেজি আলু, ১ কেজি পেঁয়াজ, ১ লিটার সয়াবিন তেল, আধা কেজি কাঁচা মরিচ ও ১টি সাবান বিতরণ করা হয়। এ সময় কমিটির নেতৃদ্বন্দ্বসহ গ্রামের গণ্যমান্য ব্যক্তিবর্গ তাঁর সাথে ছিলেন। উল্লেখ্য, জনাব মনির উদ্দিন খালেদ ও তার স্ত্রী নিগার উম্মে সালমা এ্যানী অনেক বছর থেকে সুজন-এর সাথে জড়িত রয়েছেন এবং অতীতের সকল দুর্ঘটনার সময় মানুষের পাশে ছিলেন।

## নওগাঁর মান্দায় করোনাভাইরাস প্রতিরোধমূলক কর্মসূচি



নওগাঁর মান্দা উপজেলায় সুজন-নওগাঁ জেলা কমিটির সাধারণ সম্পাদক, সাংবাদিক মাহমুদুন নবী বেলালের উদ্যোগে লিফলেট, মাস্ক, সাবান ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ এবং রাস্তাঘাটকে জীবাণুমুক্তকরণের ব্যাপক উদ্যোগ গ্রহণ করা হয়।

গত ২৯ এপ্রিল ২০২০-এ মান্দা উপজেলার ঘাটকৈর বাজার ও বৈলশিং পানাতাপাড়াসহ আশে পাশে ৪টি গ্রামে ৪০০ মাস্কসহ লিফলেট, সাবান ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয় এবং দিনব্যাপী বিভিন্ন রাস্তায় জীবাণুনাশক স্প্রে করা হয়। ঐদিন সকাল ১১টায় ঘাটকৈর বাজারে

কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন মান্দা সার্কেল সহকারী পুলিশ সুপার মোঃ মতিয়ার রহমান। এসময় উপস্থিত ছিলেন মান্দা থানার অফিসার ইনচার্জ মোজাফফর হোসেন, নওগাঁ জেলা প্রেস ক্লাবের দপ্তর সম্পাদক জিএম মিঠুন, বিশিষ্ট ব্যবসায়ী রাজু আহম্মেদ প্রমূখ।

## শ্রীনগরে বিপন্ন মানুষের মধ্যে সহায়তা সামগ্রী বিতরণ



মুন্সিগঞ্জ জেলার শ্রীনগর উপজেলায় সুজন ও পিপিজি-র উদ্যোগে লকডাউনে আটক পড়া বিপন্ন মানুষের মধ্যে সহায়তা সামগ্রী বিতরণ করা হয়। গত ২৯ এপ্রিল ২০২০-এ, সুজন-মুন্সিগঞ্জ জেলা কমিটির যুগ্ম সম্পাদক ও শ্রীনগর উপজেলা পিপিজি কো-অর্ডিনেটর

মোঃ জসিম মোল্লার উদ্যোগে দ্বিতীয় ধাপে ২১টি পরিবারের মধ্যে, পরিবার প্রতি ৮ কেজি চাল, ৫ কেজি আলু, ২ কেজি ডাল, ১ কেজি চিনি ও ১টি সাবান বিতরণ করা হয়। এ কাজে সহযোগিতা করেন ওবাইদুর রহমান জিকু ও মিলন মোল্লা। এ সময় তাঁরা স্বাস্থ্যবিধি মেনে মানুষকে ঘরে থাকার আহ্বান জানান।

## রংপুরের বদরগঞ্জে সুজন-এর বিভিন্ন ধরনের উদ্যোগ

রংপুর জেলার বদরগঞ্জ উপজেলায় করোনাভাইরাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধিসহ বিভিন্ন ধরনের উদ্যোগ গ্রহণ করেছে সুজন। উদ্যোগসমূহের মধ্যে কর্মহীন গৃহকর্মীদের খাদ্য বিতরণ, জনসচেতনতা বৃদ্ধিতে মাইকিং ও অস্থায়ীভিত্তিতে জলের কল স্থাপন করে পথচারীদের সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা করা ছিল উল্লেখযোগ্য।



গত ১৮ এপ্রিল ২০২০, সুজন-বদরগঞ্জ উপজেলা কমিটির সম্পাদক জনাব মাহফুজার রহমানের উদ্যোগে ৪৫ জন গৃহকর্মীর প্রত্যেককে ৫ কেজি চাল ও কেজি আলু বিতরণ করা হয়। ২৭ মার্চ থেকে সপ্তাহব্যাপী প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ১২টা পর্যন্ত উপজেলার বিভিন্ন এলাকায় করোনা মোকাবেলায় জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মাইকিং করা হয়। একইসাথে গত ১ এপ্রিল ২০২০ থেকে বদরগঞ্জ বাজারে অস্থায়ীভাবে পানির ট্যাক্সির সাথে কল সংযোগ করে পথচারীদের হাত ধোয়ার ব্যবস্থা করা হয়েছে।